

প্রিয় পরিবারবর্গ,

সকল শিক্ষার্থী একটি নিরাপদ, সহায়ক এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষণ পরিবেশ পাচ্ছে, সেটা নিশ্চিতকরণ আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। আমাদের স্কুল সংস্কৃতি ও পরিবেশ উন্নত করতে আমরা প্রতিরোধমূলক প্রক্রিয়া ব্যবহার করি যা কোন দ্বন্দ্বের প্রকৃত কারণের প্রতি নিবিষ্ট হয়। শিক্ষাপ্রদানমূলক সময় দিয়ে ইতিবাচক আচরণের প্রতি গুরুত্ব প্রদান করা খুব গুরুত্বপূর্ণ বলে আমরা বিশ্বাস করি। একই সময়ে, আমরা শিক্ষার্থীদেরকে তাদের কাজের জন্য দায়বদ্ধ করবো। আমরা চাই তারা তাদের আচরণে কথা ভাববে এবং কোন ক্ষতিকর কাজ করলে সেটা সংশোধন করবে।

যার উপর ভিত্তি করে শিক্ষার্থীরা বেড়ে উঠতে ও অগ্রসর হতে পারে, এমন একটি শক্তিশালী ভিত্তি গড়ে তোলার জন্য বর্তমানে আমাদের স্কুলগুলো একটি হালনাগাদকৃত *সিটিওয়াইড বিহেভিয়রাল এক্সপেকটেশন্স টু স্যাপোর্ট স্টুডেন্ট লার্নিং* (ডিসিপ্লিন কোড বা আচরণবিধি) ব্যবহার করছে। পরিবর্তনসমূহের মধ্যে আছে তত্ত্বাবধানমূলক হস্তক্ষেপের ব্যবহার, সহায়ক পদক্ষেপ, এবং শিক্ষার্থীর সামাজিক ও আবেগগত অগ্রগতি বিবেচনায় রেখে তৈরি করা প্রগতিশীল শৃঙ্খলাবিধানের ব্যবহার। সকল পরিবর্তন একটি গণ-পর্যালোচনা প্রক্রিয়ার ফল যার অন্তর্ভুক্ত আছে শুনানি ও আপনাদের মতো কমিউনিটি সদস্যদের অভিমত।

আমি আপনাদেরকে শৃঙ্খলা বিধি পর্যালোচনা করার এবং আচরণের মানসমূহ - এবং যদি সেগুলো লঙ্ঘিত হয়, তাহলে যে পরিণতি হবে, তার সাথে পরিচিত হতে উৎসাহিত করছি। অনুগ্রহ করে আপনাদের সন্তানদের সাথে সেগুলো নিয়ে আলোচনা করবেন। দশটি ভাষায় পূর্ণাঙ্গ শৃঙ্খলা বিধি পাওয়া যাবে ডিওই-র ওয়েবসাইটে (schools.nyc.gov/RulesPolicies/DisciplineCode/default.htm) এবং স্কুলে মুদ্রিত সংস্করণে। বিধিতে আচরণের মান-এর যে রূপরেখা দেওয়া হয়েছে, সেগুলো ব্যবহার করা হয় সংঘটিত আচরণে:

- স্কুলে, স্কুলের সময়ের আগে, চলাকালে ও পরে;
- এনওয়াইসি ডিওই কর্তৃক অর্থায়িত কোন পরিবহনে ভ্রমণকালে;
- স্কুলের স্পন্সর করা কোন অনুষ্ঠানে; এবং
- স্কুলের সীমানার বাইরে যখন আচরণের নেতিবাচক ফল শিক্ষণকে ব্যাহত করে কিংবা স্কুল কমিউনিটির সবার স্বাস্থ্য, নিরাপত্তা বা কল্যাণকে বিঘ্নিত করে।

ডিসিপ্লিন কোড বা শৃঙ্খলা বিধি দুই ভাগে বিভক্ত: সেকশন A হলো K-5 গ্রেডের এবং সেকশন B হলো 6-12 গ্রেডের জন্য। প্রতিটি সেকশনে পাঁচটি নিয়মভঙ্গের এবং স্কুলের স্টাফ যে তত্ত্বাবধানমূলক হস্তক্ষেপ ও শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেন, তার বর্ণনা দেয়। সম্ভাব্য গাইডেন্স হস্তক্ষেপের অন্তর্ভুক্ত কাউন্সিলিং, মধ্যস্থতা এবং গাইডেন্স কনফারেন্স। অসদাচারণের প্রকৃতি অনুযায়ী যেসব শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা রয়েছে, তার মধ্যে আছে পিতামাতার সাথে বৈঠক, আটক বা সাময়িক বহিস্কার।

শৃঙ্খলা বিধি সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য। এর অন্তর্ভুক্ত আছে 'বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেসপনসিবিলিটিজ' (শিক্ষার্থী অধিকার এবং দায়বদ্ধতা সনদ)-এর পাশাপাশি 'প্রসিডুরাল সেফগার্ডস নোটিস' (পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি)। বিধিটি প্রতিবন্ধিতামুক্ত ও প্রতিবন্ধিতামুক্ত বলে ধরে নেওয়া শিক্ষার্থীদের সুরক্ষার বিষয়টিও বিবেচিত।

আমাদের সকল কাজের গুরুত্বপূর্ণ অংশ পরিবার সংশ্লিষ্টতা, এবং শক্তিশালী স্কুল তৈরিতে তা অবিচ্ছেদ্যও বটে। সকলের জন্য নিরাপদ এবং অন্তর্ভুক্তিমূলক পরিবেশ বজায় রাখতে আমরা আপনার অংশীদারত্বকে মূল্য দিই। আমাদের শিক্ষার্থীদের জন্য আমাদের স্কুল কমিউনিটিকে আরও উন্নত, শক্তিশালী, এবং নিরাপদ রাখার জন্য আপনাকে ধন্যবাদ। আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্কুল পরিচালককে ফোন করুন।

বিশ্বস্ত,



কারমেন ফারিনিয়া

চ্যান্সেলর

T&I-26000 (Bengali)